# শিক্ষার্থী নির্দেশনা
# Learner's Guide

## ব্যাচেলর অব এডুকেশন (বিএড)
## Bachelor of Education (BEd)

**সার্বিক তত্ত্বাবধানে**

অধ্যাপক সুফিয়া বেগম
ডিন
স্কুল অব এডুকেশন

**স্কুল অব এডুকেশন**
**School of Education**

**বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়**
**BANGLADESH OPEN UNIVERSITY**

## ১. বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

একটি দেশের শিক্ষিত ও দক্ষ জনশক্তির উপর সে দেশের সার্বিক উন্নতি নির্ভর করে। বর্তমান বাংলাদেশের বিপুল জনগোষ্ঠীকে জন সম্পদে রূপান্তরিত করার জন্য প্রয়োজন আধুনিক প্রযুক্তি ও বহুমুখী বাস্তবভিত্তিক শিক্ষা ব্যবস্থা। এ লক্ষ্যকে সামনে রেখেই ১৯৯২ সালের ২০ অক্টোবর সংসদীয় আইনের মাধ্যমে প্রতিষ্ঠিত হয় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়। সনাতন শিক্ষা ব্যবস্থার পাশাপাশি উন্মুক্ত শিক্ষা পদ্ধতির মাধ্যমে বৃহত্তর জনগোষ্ঠীকে শিক্ষিত করে তোলাই এই বিশ্ববিদ্যালয়ের মূল লক্ষ্য।

## ২. স্কুল অব এডুকেশন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় দূরশিক্ষণ পদ্ধতিতে দেশের সংখ্যাগরিষ্ঠ মানুষের শিক্ষা তথা উচ্চ শিক্ষা নিশ্চিতকরণে নিবেদিত একটি প্রতিষ্ঠান। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব এডুকেশন বর্তমানে বিভিন্ন শিক্ষা প্রোগ্রাম পরিচালনা করছে।

স্কুল অব এডুকেশন এর শিক্ষকবৃন্দ উন্মুক্ত শিখন পদ্ধতিতে বর্তমানে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের প্রশিক্ষণ দানে যেমন অত্যন্ত কার্যকরী ভূমিকা পালন করে যাচ্ছেন, তেমনি ভবিষ্যতে শিক্ষা বিষয়ক উচ্চতর গবেষণা পরিচালনা করতেও বদ্ধ পরিকর। স্কুল অব এডুকেশন পরিচালিত আনুষ্ঠানিক শিক্ষা প্রোগ্রামগুলো হচ্ছে:

♦ পিএইচ.ডি ♦ এম.ফিল ♦ এমএড ♦ বিএড

স্কুল অব এডুকেশন-এর শিক্ষকবৃন্দ দূরশিক্ষণ ও বহুমুখী মাধ্যম ব্যবহার করে এম.ফিল ও পিএইচ.ডি ডিগ্রি প্রবর্তন করেছে। এতে করে দেশে শিক্ষা বিষয়ে মৌলিক গবেষণার ক্ষেত্রে যেমন প্রসারিত হবে তেমনি বাংলাদেশের পশ্চাৎপদ শিক্ষা ব্যবস্থার উন্নতি ও বৈপ্লবিক পরিবর্তন সাধনে কার্যকরী ভূমিকা রাখবে এ আমাদের প্রত্যাশা। এছাড়া ভবিষ্যতে শিক্ষা বিষয়ে ৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি এবং মাদ্রাসা শিক্ষকদের জন্য ব্যাচেলর অব এডুকেশন ডিগ্রি (বিএমএড) চালু করা হচ্ছে।

## ৩. বিএড প্রোগ্রাম

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব এডুকেশন ১৯৯২-১৯৯৩ শিক্ষা বর্ষ থেকে বিএড প্রোগ্রাম পরিচালনা করছে। যুগোপযোগী একটি শিক্ষক প্রশিক্ষণ প্রোগ্রাম প্রবর্তনের মাধ্যমে বাংলাদেশের সামগ্রিক শিক্ষা ব্যবস্থায় অগ্রণী ভূমিকা পালন করা স্কুল অব এডুকেশন-এর বিএড প্রোগ্রামের মুখ্য উদ্দেশ্য।

### ৩.১ প্রোগ্রামের নাম:

ব্যাচেলর অব এডুকেশন বা সংক্ষেপে বিএড [Bachelor of Education (BEd)]

**৩.২ প্রোগ্রাম লেভেল:** ব্যাচেলর

**৩.৩ প্রোগ্রাম কোড:** EDBN

**৩.৪ সিমেস্টার সংখ্যা:** ২ (প্রতি সিমেস্টারের মেয়াদকাল ৬ মাস)

**৩.৫ ক্রেডিট:** ৬০

**৩.৬ প্রোগ্রামের উদ্দেশ্য:** বিএড প্রোগ্রামের প্রধান উদ্দেশ্য হলো–

- সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের জন্য দক্ষ শিক্ষক তৈরি করা।

**৩.৭ মেয়াদকাল ও স্থান:**

- সাধারণভাবে বিএড প্রোগ্রামের মেয়াদ ০১ (এক) শিক্ষাবর্ষ (Academic Year) বা ০২ (দুই) সিমেস্টার। প্রতি সিমেস্টারের সময়কাল ০৬ (ছয়) মাস। তবে একজন শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ ০৫ (পাঁচ) শিক্ষাবর্ষ বা ১০ (দশ) সিমেস্টার পর্যন্ত বহাল থাকবে। উল্লেখ্য কেউ যদি পাঁচ শিক্ষা বৎসরে প্রোগ্রামের সবগুলো কোর্স সাফল্যের সাথে সমাপ্ত করতে না পারেন তবে একই আঞ্চলিক/ উপ-আঞ্চলিক কেন্দ্রে পুনরায় রেজিস্ট্রেশন করে (টাকা জমা দিয়ে) পরবর্তী দুই বৎসরের মধ্যে অসমাপ্ত কোর্সগুলো শেষ করতে পারবেন। ২০২০-২০২১ শিক্ষাবর্ষ হতে প্রোগ্রামটি বাউবি'র স্কুল অব এডুকেশন কর্তৃক নির্ধারিত টিউটোরিয়াল কেন্দ্রে চালু হবে।

**৩.৮ শিক্ষার মাধ্যম**

- মুদ্রিত পাঠ্য বই/মডিউলসমূহ
- মুখোমুখি টিউটোরিয়াল সেশন
- ই-বুকস (E-books)
- বেতার ও টেলিভিশন মাধ্যমে পাঠদান
- BOUTube
- মোবাইল অ্যাপস [BOU, E-book]
- লার্নিং ম্যানেজমেন্ট সিস্টেম [Learning Management System (LMS)]
- ওপেন এডুকেশনাল রিসোর্সেস [Open Educational Resources (OER)]
- অডিও-ভিডিও লেকচার সমৃদ্ধ মাইক্রো এসডি কার্ড
- লেকচার সমৃদ্ধ অডিও/ভিডিও ক্যাসেট
- বাউবি'র ওয়েবসাইট [www.bou.ac.bd]

- **পাঠ সামগ্রী:** বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব এডুকেশন পরিচালিত বিএড প্রোগ্রাম 'দূরশিক্ষণ' এবং 'বহুমুখী শিক্ষণ' পদ্ধতি নির্ভর। এ প্রোগ্রামের মুদ্রিত পাঠ্যপুস্তকসমূহ প্রণয়নে স্ব-শিখন পদ্ধতি অনুসৃত হয়েছে। প্রতিটি বিষয়ের জন্য পৃথক পাঠ্য পুস্তক রচিত হয়েছে। এই পাঠ্যপুস্তকের প্রতিটি ইউনিটে রয়েছে শিরোনাম, ভূমিকা, পাঠ বিভাজন ও চূড়ান্ত মূল্যায়ন। পাঠ্যপুস্তকসমূহে সহজ ও সাবলীল ভাষায় বিষয়বস্তু বর্ণনার পাশাপাশি এমনভাবে উপস্থাপন ও কাজের নির্দেশনা রয়েছে যা কি-না শিক্ষকের ভূমিকা পালন করে।

### ৩.৯ ভাষা মাধ্যম

- বাংলা।
- ইংরেজি (শিক্ষার্থী আগ্রহ হলে ইংরেজি মাধ্যম ব্যবহার করতে পারবে)।

## ৪. বিএড প্রোগ্রামে ভর্তি

### ৪.১ ভর্তির যোগ্যতা

- সরকারি ও সরকার অনুমোদিত মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক এবং
- অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা সমমানের ডিগ্রিধারী অন্যান্য প্রার্থী।

### ৪.২ ভর্তির জন্য প্রার্থী নির্বাচন

- বিএড ভর্তি কমিটি'র তত্ত্বাবধায়নে প্রার্থী নির্বাচনের জন্যে সংশ্লিষ্ট সকল আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্র/স্টাডি সেন্টারে লিখিত/মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- প্রার্থীদের লিখিত/মৌখিক পরীক্ষার প্রাপ্ত নম্বর যোগ করে ভর্তির জন্যে নির্বাচিত প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে। উক্ত তালিকার মেধাক্রম অনুসারে উত্তীর্ণ প্রার্থীদের ভর্তি করা হবে।

### ৪.৩ ভর্তি ও রেজিস্ট্রেশন প্রক্রিয়া

- ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীকে osaps.bou.ac.bd-এ প্রদত্ত নির্দেশনা অনুযায়ী online-এ রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
- প্রতি বছর একবার শিক্ষার্থী ভর্তি করা হবে। ভর্তিকৃত সকল শিক্ষার্থীকে ভর্তির সময়ে একটা নির্দিষ্ট আইডি নম্বর দেয়া হবে যা রেজিস্ট্রেশন নম্বর হিসাবেও বিবেচিত হবে। শিক্ষার্থী এবং বিশ্ববিদ্যালয়ের মধ্যে সকল যোগাযোগের ক্ষেত্রে শিক্ষার্থীর আইডি নম্বর/রেজিস্ট্রেশন নম্বরের উল্লেখ থাকতে হবে।
- প্রতি বছরে ভর্তিকৃত শিক্ষার্থীর ঐ বছরের ব্যাচ-শিক্ষার্থী হিসাবে পরিচিত হবে। যেমন– ২০২০ সালে যারা ভর্তি হবে তারা ২০২০ ব্যাচ হিসাবে পরিচিত হবে এবং এভাবে ভর্তিকৃত বছরের পরিচয়ে ব্যাচ শিক্ষার্থী পরিচিত হবে।

- সাধারণভাবে একজন শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ হবে ৫ (পাঁচ) বছর। তবে যদি কোন শিক্ষার্থী নির্ধারিত সময়ের মধ্যে তার কোর্সসমূহ সম্পন্ন না করতে পারে উক্ত শিক্ষার্থী আরো অতিরিক্ত ২ (দুই) বছর সময় পাবেন। সেক্ষেত্রে তাঁকে পুনরায় রেজিস্ট্রেশন (পাঁচ বছর পর) করতে হবে। এমএড কোর্স সম্পন্ন করার জন্য এখানে বিশেষভাবে উল্লেখ যে অতিরিক্ত (৫+২= ৭ বছর) সময়ের পর কোন শিক্ষার্থী পুনরায় রেজিস্ট্রেশন করার সুযোগ পাবে না।

## ৪.৪ প্রদেয় ফি

নির্বাচিত শিক্ষার্থীগণ নিম্নবর্ণিত হারে ফি (পরিবর্তনযোগ্য) বাবদ অর্থ জমা দিয়ে বিএড প্রোগ্রামে রেজিস্ট্রেশন লাভ করবেন:

**সিমেস্টার: ১ম** (প্রতি শিক্ষার্থী)

| | | |
|---|---|---|
| ১. রেজিস্ট্রেশন ফি | | ২৫০.০০ |
| ২. একাডেমিক ক্যালেন্ডার ফি | | ৫০.০০ |
| ৩. কোর্স ফি | ৫৫০/-×৬টি কোর্স | ৩,৩০০.০০ |
| ৪. ব্যবহারিক কোর্স ফি<br>(ধারাবাহিক অনুশীলনী পাঠদান ২টি কোর্স) (EDBN 1461, EDBN 1462) | ৫৫০/-×২টি কোর্স | ১,১০০.০০ |
| ৫. চূড়ান্ত মৌখিক পরীক্ষা ফি (EDBN 1471) | ৫৫০/-×১টি কোর্স | ৫৫০.০০ |
| ৬. সিমেস্টার নম্বরপত্র ফি | | ১০০.০০ |
| ৭. পরীক্ষার ফি | | ৩০০.০০ |
| | **মোট =** | **৫,৬৫০.০০** |

**সিমেস্টার: ২য়** (প্রতি শিক্ষার্থী)

| | | |
|---|---|---|
| ১. রেজিস্ট্রেশন ফি | | ২৫০.০০ |
| ২. কোর্স ফি | ৫৫০/-×৬টি কোর্স | ৩,৩০০.০০ |
| ৩. ক. ব্যবহারিক কোর্স ফি<br>খ. ধারাবাহিক অনুশীলনী পাঠদান ২টি কোর্স (EDBN 2461, EDBN 2462)<br>গ. মৌলিক কম্পিউটার দক্ষতা ১টি কোর্স (EDBN 2318) | ৫৫০/-×২টি কোর্স<br><br>৬০০/-×১টি কোর্স | ১,১০০.০০<br><br>৬০০.০০ |
| ৪. চূড়ান্ত মৌখিক পরীক্ষা ফি (EDBN 2471) | ৫৫০/-×১টি কোর্স | ৫৫০.০০ |
| ৫. পরীক্ষার ফি | | ৩০০.০০ |
| ৬. সিমেস্টার নম্বরপত্র ফি | | ১০০.০০ |
| ৭. চূড়ান্ত নম্বরপত্র ফি | | ৪০০.০০ |
| ৮. সাময়িক সনদপত্র ফি | | ৩০০.০০ |
| | **মোট =** | **৬,৮৫০.০০** |

- **অন্যান্য ফি**

| | |
|---|---|
| ➢ মূল সনদপত্র ফি | ৫০০.০০ |
| ➢ ট্রান্সক্রিপ্ট ফি | ৪০০.০০ |
| ➢ প্রশংসাপত্র ফি | ১০০.০০ |
| ➢ মাইগ্রেশন সনদ ফি | ৩০০. ০০ |

- **পুনঃপরীক্ষার ফি**

কোনো কোর্সে (তত্ত্বীয়, নির্ধারিত কাজ, পাঠদান অনুশীলন মূল্যায়ন, মৌখিক পরীক্ষা ও ব্যবহারিক পরীক্ষা) অকৃতকার্য হলে অথবা অনুপস্থিত থাকলে এবং পরবর্তীকালে পরীক্ষা দিতে হলে নির্ধারিত সময়ের মধ্যে প্রতিটি কোর্সের জন্য ১২০.০০ টাকা হারে (পরিবর্তনযোগ্য) পুনঃপরীক্ষার ফি অন-লাইনে জমা দিতে হবে এবং টাকা জমাদানের রসিদের নির্ধারিত অংশ সংরক্ষণ করতে হবে।

## ৫. বিএড প্রোগ্রাম কাঠামো

### ৫.১ বিএড প্রোগ্রামের কোর্স সংখ্যা এবং ক্রেডিট মান নিম্নরূপ–

| বিষয় | কোর্স সংখ্যা | ক্রেডিট মান | মোট ক্রেডিট |
|---|---|---|---|
| বাধ্যতামূলক | ৬টি | ৪ | ২৪ |
| শিক্ষণ বিষয়াবলি | ২টি | ৪ | ৮ |
| নৈর্বাচনিক বিষয় | ১টি | ৪ | ৪ |
| পাঠদান অনুশীলন | ২টি স্কুল বিষয়ে ১০০টি পাঠ পরিকল্পনা ও পাঠদান (প্রতি ৫টি পাঠ পরিকল্পনা ও পাঠদান = ১ | | ২০ |
| মৌখিক ও কম্প্রিহেনসিভ পরীক্ষা | | ৪ | ৪ |
| **সর্বমোট ক্রেডিট** | | | ৬০ |

| **বাধ্যতামূলক বিষয়সমূহ** | | |
|---|---|---|
| **পেশাগত বিষয়াবলী** (একটি কোর্স) | ১. শিখন-শেখানো দক্ষতা ও কৌশল | ১০০ নম্বর |
| **শিক্ষা বিষয়াবলী** (তিনটি কোর্স) | ২. মাধ্যমিক শিক্ষা<br>৩. শিখন ও শিখন যাচাই<br>৪. একীভূত শিক্ষা | ১০০ নম্বর<br>১০০ নম্বর<br>১০০ নম্বর |
| **প্রযুক্তি ও গবেষণা বিষয়াবলী** (দুইটি কোর্স) | ৫. শিক্ষায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি<br>৬. শিক্ষায় গবেষণা | ১০০ নম্বর<br>১০০ নম্বর |
| **পাঠদান অনুশীলন** (দুইটি কোর্স) | ৭. পাঠদান অনুশীলন ১ এবং<br>৮. পাঠদান অনুশীলন ২ | ১০০ নম্বর<br>১০০ নম্বর |
| **শিক্ষণ বিষয়াবলী (স্কুল পাঠ্য বিষয়): (যে কোনো একটি শাখা থেকে ২টি বিষয় নির্বাচন করতে হবে)** | | |
| **মানবিক শাখা** | ১. বাংলা শিক্ষণ (EDBN 1411)<br>২. ইংরেজি শিক্ষণ (EDBN 1412) | **মোট ২০০ নম্বর** |

| | | |
|---|---|---|
| | ৩. বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিক্ষণ (EDBN 1416)<br>৪. এডভান্স আইসিটি শিক্ষণ (EDBN 1418) | |
| **বিজ্ঞান শাখা** | ১. গণিত শিক্ষণ (EDBN 1421)<br>২. রসায়ন শিক্ষণ (EDBN 1423)<br>৩. জীববিজ্ঞান শিক্ষণ (EDBN 1424)<br>৪. এডভান্স আইসিটি শিক্ষণ (EDBN 1418) | **মোট ২০০ নম্বর** |
| **ব্যবসায় শিক্ষা শাখা** | ১. ব্যবসায় উদ্যোগ শিক্ষণ (EDBN 1431)<br>২. হিসাববিজ্ঞান শিক্ষণ (EDBN 1432)<br>৩. এডভান্স আইসিটি শিক্ষণ (EDBN 1418) | **মোট ২০০ নম্বর** |
| নৈর্বাচনিক বিষয়: | ১. প্রাথমিক শিক্ষা (EDBN 2451) | **মোট ১০০ নম্বর** |

## ৫.২ নম্বর ও ক্রেডিট বণ্টন

| সিমেস্টার | ক্রেডিট | নম্বর |
|---|---|---|
| **প্রথম সিমেস্টার** | **৩১** | **৬২৫** |
| **দ্বিতীয় সিমেস্টার** | **২৯** | **৫৭৫** |
| **সর্বমোট=** | **৬০** | **১২০০** |

## ৫.৩ বিএড প্রোগ্রামের শিক্ষাক্রমিক কাঠামো

## প্রথম সিমেস্টার

| বিষয় ও কোড | ক্রেডিট | ধারাবাহিক মূল্যায়ন | | | প্রান্তিক মূল্যায়ন (তত্ত্বীয়) | | মোট নম্বর |
|---|---|---|---|---|---|---|---|
| | | নির্ধারিত কাজ ১ | নির্ধারিত কাজ ২ | উপস্থিতি | রচনামূলক | সংক্ষিপ্ত | |
| ১. মাধ্যমিক শিক্ষা (EDBN 1401) | ৪ | ১০ | ১০ | ৫ | ৫০ | ২৫ | ১০০ |
| ২. শিখন-শেখানো দক্ষতা ও কৌশল (EDBN 1402) | ৪ | ১০ | ১০ | ৫ | ৫০ | ২৫ | ১০০ |
| ৩. শিক্ষায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (EDBN 1403) | ৪ | ব্যবহারিক = ২০ | | ৫ | ৫০ | ২৫ | ১০০ |
| ৪. শিক্ষণ বিষয়- ১ | ৪ | ১০ | ১০ | ৫ | ৫০ | ২৫ | ১০০ |
| ৫. শিক্ষণ বিষয়- ২ | ৪ | ১০ | ১০ | ৫ | ৫০ | ২৫ | ১০০ |
| পাঠদান অনুশীলন- ১ (EDBN 1501) | ৫ | ৫০ | | | - | | ৫০ |
| পাঠদান অনুশীলন- ১ (EDBN 1502) | ৫ | ৫০ | | | - | | ৫০ |
| মৌখিক পরীক্ষা (EDBN 1171) | ১ | | | | ২৫ | | ২৫ |
| মোট= | ৩১ | ২২৫ | | | ৪২৫ | | ৬২৫ |

## দ্বিতীয় সিমেস্টার

| বিষয় ও কোড | ক্রেডিট | ধারাবাহিক মূল্যায়ন | | | প্রান্তিক মূল্যায়ন (তত্ত্বীয়) | | মোট নম্বর |
|---|---|---|---|---|---|---|---|
| | | নির্ধারিত কাজ ১ | নির্ধারিত কাজ ২ | উপস্থিতি | রচনামূলক | সংক্ষিপ্ত | |
| ৬. শিখন ও শিখনযাচাই (EDBN 2401) | ৪ | ১০ | ১০ | ৫ | ৫০ | ২৫ | ১০০ |
| ৭. একীভূত শিক্ষা (EDBN 2402) | ৪ | ১০ | ১০ | ৫ | ৫০ | ২৫ | ১০০ |
| ৮. শিক্ষায় গবেষণা (EDBN 2403) | ৪ | গবেষণা রিপোর্ট = ২০ | | ৫ | ৫০ | ২৫ | ১০০ |
| ৯. নৈর্বাচনিক বিষয় (প্রাথমিক শিক্ষা- EDBN 2451) | ৪ | ১০ | ১০ | ৫ | ৫০ | ২৫ | ১০০ |
| কম্প্রিহেনসিভ পরীক্ষা (EDBN 2261) | ২ | - | | | ৫০ | | ৫০ |
| পাঠদান অনুশীলন- ১ (EDBN 2501) | ৫ | ৫০ | | | | | ৫০ |
| পাঠদান অনুশীলন- ২ (EDBN 2502) | ৫ | ৫০ | | | - | | ৫০ |
| মৌখিক পরীক্ষা (EDBN 2171) | ১ | - | | | ২৫ | | ২৫ |
| মোট= | ২৯ | ২০০ | | | ৩৭৫ | | ৫৭৫ |

## পাঠদান অনুশীলনের নম্বর বণ্টন (প্রথম সিমেস্টার)

| বিষয় | প্রথম | দ্বিতীয় | তৃতীয় | চূড়ান্ত |
|---|---|---|---|---|
| শিক্ষণ বিষয়- ১ | ১০ | ১০ | ১০ | ২০ |
| শিক্ষণ বিষয়- ২ | ১০ | ১০ | ১০ | ২০ |
| মোট= | ২০ | ২০ | ২০ | ৪০ |

## পাঠদান অনুশীলনের নম্বর বণ্টন (দ্বিতীয় সিমেস্টার)

| বিষয় | প্রথম | দ্বিতীয় | তৃতীয় | চূড়ান্ত |
|---|---|---|---|---|
| শিক্ষণ বিষয়- ১ | ১০ | ১০ | ১০ | ২০ |
| শিক্ষণ বিষয়- ২ | ১০ | ১০ | ১০ | ২০ |
| মোট= | ২০ | ২০ | ২০ | ৪০ |

### পাঠ পরিকল্পনার সংখ্যা (প্রথম সিমেস্টার)

| বিষয় | প্রথম | দ্বিতীয় | তৃতীয় | মোট |
|---|---|---|---|---|
| শিক্ষণ বিষয়- ১ | ৫ | ১০ | ১০ | ২৫ টি |
| শিক্ষণ বিষয়- ২ | ৫ | ১০ | ১০ | ২৫ টি |
| মোট= | ১০ | ২০ | ২০ | ৫০ টি |

### পাঠ পরিকল্পনার সংখ্যা (দ্বিতীয় সিমেস্টার)

| বিষয় | প্রথম | দ্বিতীয় | তৃতীয় | মোট |
|---|---|---|---|---|
| শিক্ষণ বিষয়- ১ | ৫ | ১০ | ১০ | ২৫ টি |
| শিক্ষণ বিষয়- ২ | ৫ | ১০ | ১০ | ২৫ টি |
| মোট= | ১০ | ২০ | ২০ | ৫০ টি |

## ৫.৪ শিক্ষাবর্ষ ও সিমেস্টার

প্রতি শিক্ষাবর্ষ জানুয়ারি মাস থেকে শুরু হবে এবং ডিসেম্বর মাসে শেষ হবে। প্রতি শিক্ষাবর্ষের কার্যক্রমকে ছয় মাস মেয়াদী দুই সিমেস্টারে ভাগ করা হয়েছে (অনেক সময় শিডিউল কিছু পরিবর্তন আনা হতে পারে) যা নিম্নরূপ–

| সিমেস্টার | সময় | ভর্তি/রেজিস্ট্রেশন | টিউটোরিয়াল | চূড়ান্ত পরীক্ষা |
|---|---|---|---|---|
| প্রথম সিমেস্টার | জানুয়ারি - জুন | | জানুয়ারি - মে | জুন |
| দ্বিতীয় সিমেস্টার | জুলাই - ডিসেম্বর | | জুলাই - নভেম্বর | ডিসেম্বর |

পাঁচ মাস মেয়াদী টিউটোরিয়াল সেশনে, আপনাকে বাউবি প্রদত্ত কোর্স বইগুলো পড়তে হবে এবং  নির্ধারিত তারিখের আগে বা নির্ধারিত তারিখে প্রতি বিষয়ের এ্যাসাইনমেন্টগুলো জমা দিতে হবে।

## ৫.৫ টিউটোরিয়াল ব্যবস্থা

- বিএড প্রোগ্রামের পাঠ সামগ্রীর মাধ্যমে কার্যকর পাঠ গ্রহণ জন্য বাউবি কর্তৃক অনুমোধিত নির্ধারিত স্টাডি সেন্টারে বা টিউটোরিয়াল কেন্দ্রে প্রত্যেক মাসের সাপ্তাহিক ছুটির দিনে শিক্ষার্থীদের জন্য টিউটোরিয়াল সার্ভিসের ব্যবস্থা থাকবে।
- টিউটোরিয়াল ক্লাসের সিডিউল স্কুল অব এডুকেশন কর্তৃক নির্ধারিত হবে।
- প্রয়োজনবোধে ক্লাস সিডিউলের বাহিরে যে কোন ছুটির দিন টিউটোরিয়াল ক্লাস পরিচালনার জন্য স্কুল সংশ্লিষ্ট কেন্দ্র সমন্বয়কারীকে অনুরোধ করতে পারবে।

- শিক্ষার্থীরা সংশ্লিষ্ট কেন্দ্রে টিউটোরিয়াল সার্ভিস চলাকালীন সময়ে পাঠ সংশ্লিষ্ট সমস্যাসমূহ বুঝে ও সমাধান করে নিতে পারবেন।

## ৫.৬ টিউটোরিয়াল সেশনে উপস্থিতি এবং নম্বর বন্টন

- প্রতি সিমেস্টারে সাধারণত ১৬টি টিউটোরিয়াল সেশন অনুষ্ঠিত হবে। এর মধ্যে ৮টি অনুশীলন পাঠদান সংক্রান্ত এবং ৮টি বিষয়ভিত্তিক টিউটোরিয়াল সেশন অনুষ্ঠিত হবে।
- প্রত্যেক শিক্ষার্থীর জন্য প্রতি সিমেস্টারে পাঠদান অনুশীলন (Teaching Practice) সংশ্লিষ্ট ৮টি টিউটোরিয়াল সেশনসহ কমপক্ষে ৭৫% টিউটোরিয়াল সেশনে অর্থাৎ ১২টি টিউটোরিয়াল সেশনে যোগদান আবশ্যক এবং উপস্থিতির নম্বর বন্টন নিম্নরূপ:

| টিউটোরিয়াল সেশনে উপস্থিতি | উপস্থিতির শতকরা হার | নম্বর |
|---|---|---|
| ১৬ টি | ১০০% | ৫ |
| ১৪ টি | ৮৭.৫% | ৪ |
| ১২ টি | ৭৫% | ৩ |

## ৬. মূল্যায়ন পদ্ধতি

- জিপিএ (গ্রেড পয়েন্ট অ্যাভারেজ) বা গড়মান পদ্ধতিতে চূড়ান্ত মূল্যায়ন করা হবে।
- শিক্ষার্থীদের প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রতিটি কোর্সের লেটার গ্রেড ও গ্রেড পয়েন্ট নিম্নে উল্লেখিত ছকানুসারে হিসাব করা হবে।

**Grading Policy (As per UGC)**

| New Grading Policy | | |
|---|---|---|
| **Range of Marks** | **Grade Point** | **Letter Grade** |
| 80-100 | 4.00 | A+ |
| 75-79 | 3.75 | A |
| 70-74 | 3.5 | A- |
| 65-69 | 3.25 | B+ |
| 60-64 | 3.00 | B |
| 55-59 | 2.75 | B- |
| 50-54 | 2.50 | C+ |
| 45-49 | 2.25 | C |
| 40-44 | 2.00 | D |
| Less than 40 | 0.00 | F |

- শিক্ষার্থী কর্তৃক বিএড প্রোগ্রামের মোট ৬০ ক্রেডিট সফলভাবে সম্পন্ন করার পর নিম্নবর্ণিত সূত্রের সাহায্যে সিজিপিএ নির্ণয় করে শিক্ষার্থীদের সর্বশেষ চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হবে।

(ক্রেডিট × জিপিএ)-এর সমষ্টি

| | ক্রমিক | দক্ষতাসমূহ | ব্যবহারের মাত্রা |
|---|---|---|---|

সিজিপিএ =

ক্রেডিট-এর সমষ্টি

সিজিপিএ =

- নম্বরপত্রে ক্রেডিট এবং নম্বর উভয়ই উল্লেখ থাকবে।
- ৪ (চার) ক্রেডিট = ১০০ নম্বর।
- ন্যূনতম পাশ নম্বর শতকরা ৪০।
- ১০০ নম্বরের ক্ষেত্রে লিখিত পরীক্ষা ৮০ ও টিএমএ ২০ নম্বর।

## ৭. পাঠ উপস্থাপন

- ১ম সিমেস্টারে ০৮টি পাঠদান অনুশীলন (Teaching Practice)-এর ওরিয়েন্টেশন এবং পাঠদান উপস্থাপন (Presentation) এবং ২য় সিমেস্টারেও ০৮টি পাঠদান অনুশীলন (Teaching Practice)-এর ওরিয়েন্টেশন এবং পাঠদান উপস্থাপন (Presentation) অনুষ্ঠিত হবে।
- ১ম সিমেস্টারে প্রথম পাঠ উপস্থাপনে ১০টি, দ্বিতীয় পাঠ উপস্থাপনে ১০টি এবং তৃতীয় পাঠ উপস্থাপনে ২০টি করে মোট ৪০টি পাঠটীকা জমা দিতে হবে।
- ২য় সিমেস্টারে প্রথম পাঠ উপস্থাপনে ১০টি, দ্বিতীয় পাঠ উপস্থাপনে ২০টি এবং তৃতীয় পাঠ উপস্থাপনে ২০টি করে মোট ৫০টি পাঠটীকা জমা দিতে হবে।
- পাঠ উপস্থাপন অর্থাৎ পাঠদান অনুশীলন মূল্যায়ন পরীক্ষার দিন শিক্ষার্থীকে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করতে হবে–

ক. পাঠ পরিকল্পনায় নির্ধারিত বিদ্যালয়ের প্রধানের নিকট থেকে শিক্ষণ-শিখন কার্যক্রম সম্পন্ন হয়েছে এই মর্মে অনুমোদন থাকতে হবে।
খ. পাঠ উপস্থাপনের জন্য প্রয়োজনীয় শিক্ষা উপকরণ, বই এবং পর্যবেক্ষণ ডায়েরি শিক্ষার্থীর সঙ্গে থাকতে হবে।
গ. শিক্ষার্থীকে মার্জিত পোশাক পরিধান করতে হবে।
ঘ. পাঠ উপস্থাপনের সময় শিক্ষার্থীকে মান ভাষা ব্যবহার, মুদ্রাদোষ পরিহারসহ শিক্ষণ দক্ষতাসমূহের যথাযথ প্রয়োগ করতে হবে।
ঙ. পাঠদান অনুশীলন মূল্যায়নে নিম্নোক্ত চেকলিস্ট ব্যবহার করা হবে তাই পাঠদান অনুশীলন এবং পাঠ উপস্থাপনে শিক্ষার্থীদেরকে এই চেকলিস্ট ব্যবহার করতে হবে।

## পাঠদান মূল্যায়নের চেকলিস্ট

| | | | খুবই ভালো | ভালো | মোটামুটি | উন্নয়ন প্রয়োজন |
|---|---|---|---|---|---|---|
| | ১. | শুভেচ্ছা বিনিময় | | | | |
| | ২. | সংযোগ স্থাপন | | | | |
| | ৩. | পূর্বজ্ঞান যাচাই | | | | |
| | ৪. | পাঠ শিরোনাম ঘোষণা | | | | |
| | ৫. | শিখনফল ঘোষণা | | | | |
| উপস্থাপন | | | | | | |
| | ৬. | পাঠ পরিকল্পনার ক্রম অনুসরণ | | | | |
| | ৭. | আত্মবিশ্বাসের সাথে বক্তৃতা প্রদান | | | | |
| | ৮. | কন্ঠের উঠানামা | | | | |
| | ৯. | পাঠের বিষয়ের পরিষ্কার ব্যাখ্যা প্রদান | | | | |
| | ১০. | বাস্তবধর্মী উদাহরণ দেওয়া | | | | |
| | ১১. | প্রশ্ন জিজ্ঞাসা ও উত্তর প্রদান | | | | |
| | ১২. | শ্রেণিকক্ষ প্রাণবন্ত রাখা | | | | |
| | ১৩. | শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিত করা | | | | |
| | ১৪. | বিভিন্ন শিখন কৌশলের ব্যবহার করা | | | | |
| | ১৫. | শিখন উপকরণ ব্যবহার করা | | | | |
| | ১৬. | শারীরিক অঙ্গভঙ্গি | | | | |
| | ১৭. | পাঠের বিষয়ের গুরুত্বপূর্ণ শব্দের উপর জোর দেওয়া | | | | |
| | ১৮. | সময়মত শেষ করা | | | | |
| | ১৯. | শিক্ষার্থীদের খাতা পরীক্ষা করা | | | | |
| মূল্যায়ন | | | | | | |
| | ২০. | পুনরালোচনা | | | | |
| | ২১. | ফলাবর্তন | | | | |
| | ২২. | শিখনফল যাচাই | | | | |
| | ২৩. | সহায়ক গ্রন্থের নাম উল্লেখ করা | | | | |
| | ২৪. | বাড়ীর কাজ দেওয়া | | | | |
| | ২৫. | পরবর্তী ক্লাসের বিষয় উল্লেখ করা | | | | |
| সার্বিক মূল্যায়ন | | | | | | |
| অন্যান্য মতামত: | | | | | | |

চ. প্রতি সিমেস্টারে চারটি পাঠদান অনুশীলন মূল্যায়ন অনুষ্ঠিত হবে এক্ষেত্রে প্রতি সিমেস্টারে ১ম মূল্যায়নে "প্রস্তুতি" অংশের উপর, ২য় মূল্যায়নে "উপস্থাপন" এবং ৩য় মূল্যায়নে "মূল্যায়ন" অংশের উপর বিশেষ গুরুত্ব দেওয়া হবে। তবে শিক্ষার্থীদেরকে পরিপূর্ণ পাঠদানের প্রস্তুতি থাকতে হবে। উল্লেখ্য, চূড়ান্ত মূল্যায়নে ডিজিটাল কন্টেন্ট তৈরি পূর্বক পরিপূর্ণ পাঠদান মূল্যায়ন করা হবে।

## ৮. লিখিত পরীক্ষার বিবরণ

- বিএড প্রোগ্রামের প্রতি সিমেস্টার শেষে শিক্ষার্থীরা নির্দিষ্ট সময়সূচি অনুযায়ী নির্বাচিত কেন্দ্রে (টিউটোরিয়াল কেন্দ্রসমূহ) পরীক্ষায় অংশগ্রহণ করবেন।
- যে কোন পর্যায়ের কোন এক বা একাধিক কোর্সের পরীক্ষায় অনুপস্থিত/অকৃতকার্য পরীক্ষার্থীরা পরবর্তীকালে সংশ্লিষ্ট সিমেস্টারে অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। তবে এর জন্য নির্ধারিত সময়কালের মধ্যে প্রয়োজনীয় ফি জমা দিতে হবে।
- কোন পরীক্ষার্থী এক সিমেস্টার সম্পূর্ণ বাদ দিয়ে পরবর্তী সিমেস্টারের কোর্সসমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।
- প্রতি সিমেস্টার শেষে ঐ সিমেস্টারের কোর্সসমূহের পরীক্ষার সময়সূচি প্রচারিত হবে।
- পরীক্ষার সময়সূচি পরীক্ষার্থীকে নিজ দায়িত্বে জেনে নিতে হবে।
- প্রতি সিমেস্টার শেষে নির্বাচিত পরীক্ষা কেন্দ্রে তত্ত্বীয় পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- প্রতি কোর্সের লিখিত পরীক্ষার সময়সীমা হবে ৩ ঘন্টা।
- উত্তরপত্রের ভাষা বাংলা বা ইংরেজি যে কোন একটি হতে পারে। তবে একই কোর্সের উত্তরপত্রে বাংলা ও ইংরেজি ভাষা একই সঙ্গে ব্যবহার করা যাবে না।
- পরীক্ষার সময় সকল পরীক্ষার্থীকে ছাত্র কার্ড/শিক্ষার্থী কার্ড/আইডি কার্ড সঙ্গে আনতে হবে। ছাত্র কার্ড/শিক্ষার্থী কার্ডই তার পরীক্ষার প্রবেশপত্র হিসাবে গণ্য করা হবে।
- বিশেষ চাহিদাসম্পন্ন (Physically Challanged) শিক্ষার্থীদের পরীক্ষার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সম্ভাব্য সুযোগ-সুবিধা ব্যবহারের মাধ্যমে পরীক্ষা নেওয়া হবে।

> লিখিত পরীক্ষার সময় ও নম্বর সংক্রান্ত যে কোন পরামর্শের জন্য পরীক্ষা বিভাগের সঙ্গে যোগাযোগ করবেন। এস্যাইনমেন্ট এবং গবেষণা কাজ সংক্রান্ত পরামর্শের জন্য গাজীপুরস্থ স্কুল অব এডুকেশনের বিএড প্রোগ্রামের সমন্বয়কারীর সঙ্গে যোগাযোগ করবেন। ভর্তি ও টিউটোরিয়াল সার্ভিস সংক্রান্ত পরামর্শের জন্য সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রে যোগাযোগ করবেন।

## ৯. নির্ধারিত কাজ বা এ্যাসাইনমেন্ট

উন্মুক্ত শিক্ষা ব্যবস্থায় Assignment গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। একটি কোর্সবই-এর কোন একটি বিশেষ পাঠ্য বিষয়বস্তুর উপর শিক্ষার্থীদের জ্ঞানের গভীরতা যাচাই করার উদ্দেশ্যে তাঁদের কিছু সংক্ষিপ্ত মৌলিক রচনা তৈরি করতে বলা হয়। শিক্ষার্থী স্কুল অব এডুকেশন-এর সংশ্লিষ্ট পরীক্ষা কমিটি কর্তৃক সরবরাহকৃত সংকেত অবলম্বনে রচনাটি প্রস্তুত করে নির্দিষ্ট সময়ের মধ্যে কোর্স টিউটরের কাছে জমা দেন।

**বিশেষ দ্রষ্টব্য:**

- ১০০ নম্বর (৪ ক্রেডিটের) এর প্রতিটি কোর্সের জন্য নির্ধারিত এ্যাসাইনমেন্ট সংখ্যা ২টি।
- সিমেস্টারের শুরুতে এ্যাসাইনমেন্ট-এর বিষয় জানানো হবে। প্রতিটি কোর্সের জন্য ২টি এ্যাসাইনমেন্ট জমা দিতে হবে।
- প্রতি সিমেস্টারে নির্দিষ্ট তারিখে এ্যাসাইনমেন্ট সমূহ জমা দিতে হবে।
- তত্ত্বীয় এবং এ্যাসাইনমেন্ট উভয়টিতেই আলাদাভাবে পাস নম্বর পেতে হবে। এ্যাসাইনমেন্ট-এ পাস নম্বর না পেলে পরবর্তী ব্যাচের সাথে নিদিষ্ট সময়ের মধ্যে পুনঃপরীক্ষা ফি জমাদান সাপেক্ষে পুনরায় এ্যাসাইনমেন্ট জমা দিতে হবে তবে সেক্ষেত্রে লিখিত পরীক্ষা পুনরায় দেয়ার প্রয়োজন হবেনা।
- কোন শিক্ষার্থী যদি এ্যাসাইনমেন্ট-এ পাশ নম্বর পান কিন্তু লিখিত পরীক্ষায় পাশ নম্বর না পান অথবা লিখিত পরীক্ষায় অংশগ্রহণ না করেন সেক্ষেত্রে তাঁর এ্যাসাইনমেন্ট নম্বর বহাল থাকবে।

## ৯.১ নির্ধারিত কাজ বা এ্যাসাইনমেন্ট তৈরির নির্দেশনা

- নির্ধারিত কাজ অবশ্যই স্বহস্তে লিখতে হবে (কম্পিউটার কম্পোজ গ্রহণযোগ্য নয়)।
- নির্ধারিত কাজ ৪০০-৫০০ শব্দের মধ্যে হতে হবে।
- নির্ধারিত কাজ তৈরিতে প্রশিক্ষণার্থী স্বকীয়তা ও সৃজনশীলতা প্রয়োগ করতে হবে।
- নির্ধারিত কাজের কাঠামো হবে নিম্নরূপ:

  ক. সর্বপ্রথমে একটি কভার পৃষ্ঠা থাকবে। কাভার পৃষ্ঠায় কোর্সের নাম, কোড নম্বর, বিষয়বস্তু, শিক্ষার্থীর আইডি, শিক্ষাবর্ষ, ব্যাচ, সিমেস্টার, স্টাডি সেন্টারের নাম, টিউটরের নাম ও পদবি, উল্লেখ থাকবে।

  খ. দ্বিতীয় পৃষ্ঠায় সূচিপত্র থাকবে।

  গ. তৃতীয় পৃষ্ঠা থেকে বিষয়বস্তু এবং সংকেত (যদি থাকে) অনুসারে ধারাবাহিক বর্ণনা থাকবে।

  ঘ. সর্বশেষ পৃষ্ঠায় নির্ধারিত কাজটি তৈরিতে যে সকল গ্রন্থ ও অন্যান্য উৎসের সহায়তা নেয়া হয়েছে তার একটি গ্রন্থপঞ্জি থাকবে।

  ঙ. নির্ধারিত কাজটি A4 সাইজের অফসেট কাগজে প্রতি পৃষ্ঠার একপাশে লিখতে হবে এবং বাঁধাই এর জন্য বাম পাশে তিনটি স্টাপল করে তা স্কসটেপ দিয়ে ঢেকে দিতে হবে (স্পাইরাল বা অন্য কোন প্রকারের বাঁধাই করা যাবে না)।

  - বিএড পরীক্ষার রুটিনের সাথে 'নির্ধারিত কাজ' জমা দেওয়ার নির্দিষ্ট তারিখ ও সময় উল্লেখ থাকবে। শিক্ষার্থীবৃন্দ উল্লেখিত তারিখ ও সময়ে স্বশরীরে উপস্থিত হয়ে সংশ্লিষ্ট টিউটরের নিকট জমা দিতে হবে এবং স্বাক্ষর পত্রে স্বাক্ষর করতে হবে।
  - কোন শিক্ষার্থীর নির্ধারিত কাজে নিম্নলিখিত কোন একটি অসুদপায় অবলম্বনের প্রমাণ পাওয়া গেলে উক্ত শিক্ষার্থীর নির্ধারিত কাজ বাতিল সহ প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

    ক. নির্ধারিত কাজ হুবহু কপি করা।

    খ. স্বহস্তে না লিখে অন্য কোন ব্যক্তিকে দিয়ে লেখানো।

গ. নির্ধারিত কাজ জমাদানে অবৈধভাবে অর্থের লেনদেন করা।
ঘ. নির্ধারিত কাজ ফটোকপি করে জমা দান।

## ১০. গবেষণা রিপোর্ট

- বিএড প্রোগ্রামের ২য় সিমেস্টারে **শিক্ষায় গবেষণা** (EDBN 2403) কোর্সটির নির্ধারিত কাজ হিসেবে গবেষণা রিপোর্ট জমা দিতে হবে।
- প্রতিটি স্টাডি সেন্টারে **শিক্ষায় গবেষণা** (EDBN 2403) কোর্সটির জন্য দায়িত্বপ্রাপ্ত একজন টিউটর থাকবেন এবং তিনি সকল শিক্ষার্থীর গবেষণা তত্ত্বাবধায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন।
- কোর্স চলাকালীন সময়ে গবেষণার বিভিন্ন দিক (সমস্যা নির্বাচন, জার্নাল লেখা, তথ্য সংগ্রহ ও তথ্য বিশ্লেষণ ইত্যাদি) সম্পর্কে টিউটরের নিকট থেকে হাতে কলমে প্রয়োজনীয় নির্দেশনা গ্রহণ করতে হবে।
- শিক্ষার্থীরা যে গবেষণা করবেন সেটি সম্পূর্ণভাবে মৌলিক গবেষণা হতে হবে।
- টিউটোরিয়াল অধিবেশনে শিক্ষার্থীবৃন্দ নিজ নিজ অনুশীলনকৃত বিদ্যালয়/শ্রেণিকক্ষ ভিত্তিক বিভিন্ন শিক্ষণ-শিখন সমস্যা, প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক শিক্ষা, উচ্চশিক্ষা, মাদরাসা শিক্ষা, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা, উপানুষ্ঠানিক শিক্ষা, উন্মুক্ত ও দূরশিক্ষা অথবা শিক্ষাসংশ্লিষ্ট দেশীয়/আন্তর্জাতিক যে কোন একটি নির্দিষ্ট বিষয়ের উপর গবেষণা রিপোর্ট তৈরি করতে হবে।
- স্টাডি সেন্টারের দায়িত্বপ্রাপ্ত টিউটর অর্থাৎ গবেষণা তত্ত্বাবধায়কের সাথে আলোচনা করে গবেষণা শিরোনাম ঠিক করতে হবে।
- গবেষণা শিরোনাম ও পরিকল্পনা প্রণয়নপূর্বক তা বাস্তবায়নের রূপরেখা (Research Proposal) তৈরি  করে টিউটরের নিকট অনুমোদন নিতে হবে। নমুনা গবেষণা প্রতিবেদন
- পরবর্তীতে টিউটোরের নির্দেশনা মোতাবেক শিক্ষার্থীবৃন্দ নিজ নিজ গবেষণার ধাপগুলো যথাযথ ভাবে অনুসরন করে হাতে কলমে কাজ করে একটি নমুনা গবেষণা রিপোর্ট তৈরি করে তা নিদিষ্ট দিনে কোর্স টিউটরের নিকট জমা দিতে হবে।
- পরবর্তীতে একটি নিদিষ্ট অধিবেশনে নমুনা প্রতিবেদন শ্রেণিকক্ষে উপস্থাপন ও আলোচনার মাধ্যমে টিউটোরের সহযোগীতায় একটি চূড়ান্ত গবেষণা রিপোর্ট তৈরি করে তা নিদিষ্ট দিনে কোর্স টিউটরের নিকট জমা দিতে হবে।
- গবেষণা রিপোর্ট তৈরিতে কোন ভাবেই অন্যের কাছ থেকে কপি করা বা অন্য কোন অসুদপায় অবলম্বন করা যাবে না। অসুদপায় অবলম্বন করা হয়েছে এরূপ  প্রমাণ পাওয়া গেলে উক্ত শিক্ষার্থীর গবেষণা রিপোট বাতিল সহ প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- গবেষণা রিপোর্ট বাংলা অথবা ইংরেজি যে কোন একটি ভাষায় লেখা যাবে।
- গবেষণা রিপোর্ট অবশ্যই স্বহস্তে লিখতে হবে (কম্পিউটার কম্পোজ গ্রহণযোগ্য নয়) এবং কমপক্ষে ১০০০ শব্দ বিশিষ্ট হতে হবে।
- গবেষণা রিপোর্টের রেফারেন্সিং (Referencing)-এর ক্ষেত্রে APA (American Psychological Association) স্টাইল অনুসরণ করতে হবে।

## ১১. ব্যবহারিক

- বিএড প্রোগ্রামের ১ম সিমেস্টারে শিক্ষায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (EDBN 1403) কোর্সটির নির্ধারিত কাজ হিসেবে ব্যবহারিক পরীক্ষা দিতে হবে।
- কোর্স চলাকালীন সময়ে কম্পিউটার ও ICT সংশ্লিষ্ট যন্ত্রপাতি পরিচালনার বিভিন্ন দিক সম্পর্কে টিউটরের নিকট থেকে হাতে কলমে প্রয়োজনীয় নির্দেশনা গ্রহণ করতে হবে।
- ব্যবহারিক পরীক্ষার পূর্বেই শিক্ষার্থীকে কম্পিউটার ও ICT সংশ্লিষ্ট যন্ত্রপাতি পরিচালনা, Microsoft Office Software, E-mail আদান প্রদানসহ Internet ব্যবহারে পারদর্শি হতে হবে। ব্যবহারিক পরীক্ষার সময় টিউটর এবং বহি:পরীক্ষকের উপস্থিতিতে শিক্ষার্থীকে এ সকল দক্ষতাসমূহ হাতে কলমে প্রদর্শন করতে হবে।

## ১২. পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা

- প্রতিটি সিমেস্টারের জন্য কোর্সভিত্তিক নির্দিষ্ট পরিমাণ ফি বাউবি নির্ধারিত ব্যাংকে জমা প্রদান সাপেক্ষে উক্ত সিমেস্টারের সংশ্লিষ্ট কোর্স/কোর্সসমূহের পরীক্ষায় শিক্ষার্থী অংশগ্রহণের যোগ্যতা অর্জন করবেন। কোন শিক্ষার্থী যদি নির্দিষ্ট তারিখের মধ্যে ব্যাংকে ফি প্রদান করতে ব্যর্থ হন অথবা সাময়িকভাবে পাঠ গ্রহণ বন্ধ রাখেন তবে সংশ্লিষ্ট প্রোগ্রামের ভর্তি/রেজিস্ট্রেশন নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ফি প্রদানপূর্বক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবেন।
- কোনো শিক্ষার্থী যদি পরীক্ষায় এক বা একাধিক কোর্সে অকৃতকার্য হন তবে বাউবি নির্ধারিত ব্যাংকে নির্দিষ্ট সময়ে প্রয়োজনীয় ফি জমাদানপূর্বক সংশ্লিষ্ট সিমেস্টারে অনুষ্ঠিতব্য উক্ত কোর্স/কোর্সসমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

## ১৩. ফল প্রকাশ

- প্রতি সিমেস্টার পরীক্ষা শেষে যথাসময়ে ফলাফল প্রকাশ করা হবে। পরীক্ষার কোর্সভিত্তিক ফলাফল উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কেন্দ্রসমূহের নোটিশ বোর্ডে টানিয়ে দেওয়া হবে এবং সংশ্লিষ্ট স্টাডি সেন্টারসমূহে বিষয়ভিত্তিক ফলাফল পাঠিয়ে দেওয়া হবে।
- প্রত্যেক পরীক্ষার্থীর প্রতি সিমেস্টারের মার্কশীট সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রে পাঠিয়ে দেওয়া হবে।
- কোন কারণে মার্কশীট হারিয়ে গেলে নির্ধারিত ব্যাংকে ৫০.০০ (পঞ্চাশ) টাকা ফি জমা দিয়ে গাজীপুর ক্যাম্পাসে পরীক্ষা বিভাগ থেকে ডুপ্লিকেট মার্কশীট সংগ্রহ করা যাবে।
- প্রথম ও দ্বিতীয় এই ০২ (দুই) টি সিমেস্টারের সম্মিলিত ফলাফলের ভিত্তিতে চূড়ান্ত গ্রেড নির্ধারিত হবে।

## ১৪. ডিগ্রি প্রদান

একজন শিক্ষার্থী প্রয়োজনীয় সমস্ত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় তাকে বিএড ডিগ্রি প্রদান করবে।

## ১৫. সমাবর্তন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্দিষ্ট সময় অন্তর সমাবর্তনের আয়োজন করা এবং বিশ্ববিদ্যালয় পরিচালিত বিএড প্রোগ্রামসহ অন্যান্য গ্র্যাজুয়েট লেভেলের প্রোগ্রামে উত্তীর্ণ শিক্ষার্থীদের মূল সনদপত্র প্রদান করা। উল্লেখ্য যে, ইতিমধ্যে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় মোট ৫টি সমাবর্তন আয়োজন করেছে।

## ১৬. একাডেমিক পরামর্শ ও নির্দেশনা

- প্রয়োজনবোধে সংশ্লিষ্ট কোর্স সমন্বয়কারীর সঙ্গে সরাসরিভাবে, ই-মেইল, টেলিফোন মাধ্যমে বা চিঠি লিখে পরামর্শ গ্রহণ করা যাবে।
- উন্মুক্ত শিক্ষা ব্যবস্থায় শিক্ষার্থীরা নিজ নিজ কর্মক্ষেত্রে নিয়োজিত থেকে পড়াশুনা করেন। এ কারণে পাঠ ও কোর্স সংক্রান্ত পরামর্শের জন্য টিউটোরিয়াল সার্ভিস কেন্দ্র এবং বেতার ও টিভি অনুষ্ঠান ছাড়াও উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থী সহায়তা বিভাগ রয়েছে। এই বিভাগটি আঞ্চলিক কেন্দ্রসমূহের মাধ্যমে শিক্ষার্থীদের বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান করে।
- সংশ্লিষ্ট প্রোগ্রামের সঙ্গে জড়িত শিক্ষকবৃন্দের নির্দেশনায় শিক্ষার্থীর প্রশ্ন/মন্তব্য-এর উত্তর সরাসরি ডাকযোগে অথবা বেতার ও টিভির মাধ্যমে জানানো হয়।